গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.mohfw.gov.bd

বিষয়ঃ চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রাতিষ্ঠানিক কোড প্রদান সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : বদরুন নেছা
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তারিখ : ১১/০৬/২০১৭ খ্রি:
সময় : বেলা ০২:০০ টা।
স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
(কক্ষ নং-৩৩২, ভবন নং-০৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে সন্নিবেশিত রয়েছে।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় বাংলাদেশের প্রথম মেডিকেল বিশ্ববিদ্যালয়। দেশের শতাধিক মেডিকেল কলেজের যথাযথ তত্ত্বাবধান, চিকিৎসা বিজ্ঞানে উচ্চতর শিক্ষা প্রদান এবং চিকিৎসার মানোন্নয়নের জন্য একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। চিকিৎসা শিক্ষায় পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী প্রদান, উচ্চতর প্রশিক্ষণ, গবেষণা এবং উন্নত চিকিৎসা সেবা দানের জন্য দেশের প্রতিটি বিভাগে পর্যায়ক্রমে একটি করে মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সংক্রান্ত পরিকল্পনার অংশ হিসেবে ইতোমধ্যে রাজশাহী ও চট্টগ্রামে আরো দুটি মেডিকেল কলেজ স্থাপনের বিষয়টি অনুমোদিত হয়েছে। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন' ২০১৬ এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন' ২০১৬ মহান জাতীয় সংসদে ইতোমধ্যে পাশ হয়েছে। বিশ্ববিদ্যালয় দু'টির চ্যান্সেলর ও মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনক্রমে মেডিকেল বিশ্ববিদ্যালয় দুটির ভাইস-চ্যান্সেলর নিয়োগ সম্পন্ন হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয় দু'টির স্থাপন ও কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সার্বিক সহযোগিতা কামনা করেন। উক্ত বিশ্ববিদ্যালয় দু'টির স্থাপন ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আর্থিক কর্মকান্ড পরিচালনার জন্য এই মুহূর্তে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক কোড প্রদান করা প্রয়োজন। সে লক্ষ্যে এ সভা আহ্বান করা হয়েছে। সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নিকট থেকে মূল্যবান মতামত আহবান করেন।

০৩। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর সভাকে জানান যে, বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থ প্রাপ্তির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রাতিষ্ঠানিক কোড প্রদান করা জরুরী। তা না হলে বিশ্ববিদ্যালয়ের বাস্তবায়ন কার্যক্রম বাধাগ্রস্থ হবে।

০৪। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর সভাকে বলেন যে, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় তাদের নির্ধারিত অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত মেডিকেল কলেজসমূহের Affiliation প্রদান, শিক্ষার্থী ভর্তি কার্যক্রম পরিচালনা, শিক্ষার্থীদের প্রফেশনাল পরীক্ষা নেওয়ার কাজ সহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করবে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব শিক্ষা কার্যক্রম পরিচালনা ও প্রশাসনিক কার্যক্রমের জন্য যে অর্থের প্রয়োজন, তা একটি সুনির্দিষ্ট কোডের মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে প্রদান করা দরকার।

০৫। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেট অধিশাখার উপসচিব জানান যে, মেডিকেল বিশ্ববিদ্যালয় শুধুমাত্র গবেষণা ও উচ্চশিক্ষা কার্যক্রম এর প্রয়োজনে মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাথে অবশ্যই একটি হাসপাতাল থাকতে হবে। যেহেতু বিশ্ববিদ্যালয় একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, সেহেতু হাসপাতাল সহ অন্যান্য উৎসের মাধ্যমে তাদের নিজস্ব আয় থেকেও তারা ব্যয় করতে পারবে। রাষ্ট্রের যেসকল প্রতিষ্ঠান সরকারের পরিকল্পনা অনুযায়ী উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করে, সে সকল প্রতিষ্ঠানকে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। সরকার বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালনার জন্য সাহায্য মঞ্জুরী দিয়ে থাকে। নির্দিষ্ট একটি কোডের আওতায় এ বরাদ্দ প্রদান করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য একটি প্রাতিষ্ঠানিক কোড রয়েছে। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য পৃথক প্রাতিষ্ঠানিক কোড তৈরী করা যেতে পারে। আবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য যে প্রাতিষ্ঠানিক কোড রয়েছে, সেটিও ব্যবহার করা যেতে পারে। তবে বিশ্ববিদ্যালয়সমূহের স্বতন্ত্র কোড থাকলে আর্থিক ব্যবস্থাপনায় শৃংখলা রক্ষা অধিকতর সহজ হবে।

০৬। সভাপতি বলেন, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে পৃথক পৃথক প্রতিষ্ঠানিক কোড তৈরীর বাধ্যবাধকতা রয়েছে কিনা অথবা বিশ্ববিদ্যালয় সংক্রান্ত একটি প্রাতিষ্ঠানিক কোড অন্যান্য মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য ব্যবহার করা যাবে কিনা, সে বিষয়ে আলোচনা/মতামত গ্রহণ করা সম্ভব হয়নি।এক্ষেত্রে অর্থমন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিতপূর্বক পরবর্তীতে আরেকটি সভা করা সমীচীন হবে।

০৭। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব জানান যে, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর সকল কার্যক্রমে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিধি মাফিক সহায়তা প্রদান করবে। তবে বিশ্ববিদ্যালয় স্থাপন, নিয়োগ প্রক্রিয়াকরণ সহ আনুসাংগিক সকল কার্যক্রম বাস্তবায়নে শিক্ষা মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকা সংগত হবে।

০৮। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়:

শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, UGC সহ সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সভায় প্রতিষ্ঠানিক কোড প্রদান সহ অন্যান্য সকল বিষয় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
৪/৭/২০১৭
(বদরুন নেছা)
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং: ৪৫.০০.০০০০.১৬৮.২০.২০১৬-৪২০ তারিখ: ০৯/০৭/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
০২. ভাইস চ্যান্সেলর, চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
০৩. ভাইস চ্যান্সেলর,রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
০৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৮. অতিরিক্ত সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. উপ-সচিব (বাজেট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৯/০৭/২০১৭

(খান মোঃ নূরুল আমিন)
উপসচিব
ফোন: ৯৫৪০৭৩০
E-mail: sasme1@mohfw.gov.bd